গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ
www.kazipur.sirajganj.gov.bd

**"জুলাই গণঅভ্যুত্থান দিবস -২০২৬" পালন উপলক্ষ্যে অনুষ্ঠিতব্য প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:**

সভাপতি : মো: মোস্তাফিজুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ
সভার তারিখ: : ২০ জুলাই ২০২৬ খ্রি.
সময় : সকাল : ১১:০০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ হলরুম ।

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় । অতঃপর সভাপতি জুলাই গণঅভ্যুত্থানে শহিদ ও আহত জুলাই যোদ্ধাদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত 'জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬' এর কর্মসূচি পাঠ করে শুনান। তিনি বলেন, জুলাই গণঅভ্যুত্থান ছিল গণতন্ত্র ও ন্যায় বিচার নিশ্চিত করার আন্দোলন। দীর্ঘ ১৬ বছরের গুম, খুন, মিথ্যা মামলা, বৈষম্যের বিরুদ্ধে ছাত্র জনতার তীব্র ক্ষোভ ও ত্যাগের ফসল হলো 'জুলাই গণঅভ্যুত্থান'। এ অভ্যুত্থানের মাধ্যমে আমরা যা অর্জন করেছি সে চেতনা ও উদ্দেশ্য বাস্তবায়ন করাই আমাদের প্রধান কাজ এবং চ্যালেঞ্জ ! ঐতিহাসিক এ অভ্যুত্থান চেতনা রাষ্ট্রীয় ও জাতীয় জীবনে সুপ্রতিষ্ঠিত করা এবং আপামর জনগণের কাছে এর তাৎপর্য তুলে ধরার লক্ষ্যে সরকার ০৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' পালনের সিদ্ধান্ত গ্রহণ করেন । অতঃপর সভায় উপস্থিত সদস্যগণের সাথে বিস্তারিত আলোচনা-পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে ০৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে অত্র কাজিপুর উপজেলায় নিম্নবর্ণিত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয় ।

'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ উদযাপনের লক্ষ্যে গৃহীত কর্মসূচি:-

| ক্র. নং | তারিখ ও সময় | অনুষ্ঠান/ কর্মসূচি | স্থান | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | ০৫ আগস্ট ২০২৬ সকাল ১১.০০ ঘটিকা | আলোচনা সভা | উপজেলা পরিষদ হলরুম, কাজিপুর, সিরাজগঞ্জ | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ০২ | ০৫ আগস্ট ২০২৬ বাদ যোহর | বিশেষ মোনাজাত/প্রার্থনা | সকল মসজিদ, মন্দির, গীর্জা ও অন্যান্য উপাসনালয়, কাজিপুর, সিরাজগঞ্জ | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কাজিপুর, সিরাজগঞ্জ |
| ০৩ | ০৫ আগস্ট ২০২৬ সুবিধামত সময়ে | জুলাই আন্দোলনের উপর বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক দর্লভ আলোকচিত্র/প্রামাণ্য চিত্র প্রদর্শনী | অত্র উপজেলার গুরুত্বপূর্ণ স্থানসমূহে | উপজেলা তথ্য আপা |
| ০৪ | ০৫ আগস্ট ২০২৬ | শিশুদের জন্য মেঘাই পর্যটন কেন্দ্র উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রবেশের ব্যবস্থা করা । | মেঘাই ঘাট, মেঘাই, কাজিপুর, সিরাজগঞ্জ | ম্যানেজার, মেঘাই পর্যটন কেন্দ্র, কাজিপুর, সিরাজগঞ্জ |
| ০৫ | ০৫ আগস্ট ২০২৬ | সরকারি হাসপাতলে প্রীতিভোজের আয়োজন । | | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিজ উদ্যোগে প্রীতিভোজের আয়োজন করবেন । |
| ০৬ | ০৫ আগস্ট ২০২৬ | সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভার আয়োজন | স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান | উপজেলা মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, কাজিপুর, সিরাজগঞ্জ |
| ০৭ | ০৪ আগস্ট ২০২৬ | রচনা আবৃত্তি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন | স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে | উপজেলা মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, কাজিপুর, সিরাজগঞ্জ |

"জুলাই গণঅভ্যুত্থান দিবস -২০২৬" পালন উপলক্ষ্যে উপ-কমিটি গঠন করা হলো:-

কর্তৃপক্ষকে অবহিত করবেন।

(৩) "জুলাই গণঅভ্যুত্থান দিবস -২০২৬" পালন উপলক্ষ্যে অফিসার ইন-চার্জ, কাজিপুর থানাকে আইন-শৃঙ্খলার বিষয়ে সার্বিক তদারকি ও যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

(৪) উপজেলা তথ্য আপা, জনগুরুত্বপূর্ণ স্থানে নৈর্ব্যক্তিক দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্য চিত্র প্রদর্শনী করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কাজিপুর, কর্তৃক বাদ যোহর সকল মসজিদ, মন্দির, গীর্জায় প্রার্থনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় "জুলাই গণঅভ্যুত্থান দিবস -২০২৬" যথাযথভাবে পালন করার জন্য উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে ও ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ
www.kazipur.sirajganj.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮৮৫০.০০০.১৬.০০৮.২৬. ৮৭৪ তারিখ: ০৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২০ জুলাই ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৬২-সিরাজগঞ্জ-০১, কাজিপুর, সিরাজগঞ্জ
২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ
৪। সহকারী কমিশনার (ভূমি), কাজিপুর, সিরাজগঞ্জ
৫। প্রশাসক, কাজিপুর পৌরসভা, কাজিপুর, সিরাজগঞ্জ
৬। উপজেলা,.................................................................................কর্মকর্তা ( কা[illegible] গঞ্জ
৭। উপজেলা.................................................................................কাজিপুর, সিরাজগঞ্জ
৮। সভাপতি/সম্পাদক,.................................................................................ইউপি,কাজিপুর, সিরাজগঞ্জ
৯। বীর মুক্তিযোদ্ধা................................................................................. কাজিপুর, সিরাজগঞ্জ
১০। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক.......................................কলেজ/ উচ্চ বিদ্যালয়/সরকারী প্রা:বিদ্যালয়, কাজিপুর, সিরাজগঞ্জ
১১। সভাপতি/সাধারণ সম্পাদক.................................................................প্রেস ক্লাব, কাজিপুর, সিরাজগঞ্জ
১২। ব্যবস্থাপক,.................................................................................এনজি[illegible] কাজিপুর, সিরাজগঞ্জ
১৩। জনাব,.................................................................................
১৪। অফিস কপি।

20.07.2026

(মো: মোস্তাফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ।
unokazipur@mopa.gov.bd
মোবাইল নম্বর:০১৭৩৩৩৩৫০২৮